



বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ ৮১১০

www.bapard.gov.bd; e-mail-dgbapard@yahoo.com



গত ১২ জুন ২০১৯খ্রি: তারিখে অনুষ্ঠিত বাপার্ড-এর 'জাতীয় শুদ্ধাচার কৌশলের আওতায় নৈতিকতা কমিটির সভার' কার্যবিবরণী।

গত ১২/০৬/২০১৯খ্রি: তারিখে বাপার্ডের নৈতিকতা কমিটির সভা' ফ্যাকাল্টি ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বাপার্ডের ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. মোঃ আলমগীর হোসেন সভার সভাপতিত্ব করেন। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা-

- (০১) ড. মোঃ আলমগীর হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ);
- (০২) জনাব মোঃ মাহমুদুল্লাহ, প্রকল্প পরিচালক, বাপার্ড ইআরএম প্রকল্প;
- (০৩) জনাব মোঃ আব্দুল গণি মিনা, উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ);
- (০৪) জনাব মোঃ আজিম উদ্দিন, কারিগরি প্রশিক্ষক (কম্পিউটার);
- (০৫) জনাব সোনিয়া আক্তার, ট্রেনিং এনালিস্ট;
- (০৬) জনাব মোঃ মাসুদ মোল্লা, স্টেট কাম স্টেট অফিসার; এবং
- (০৭) জনাব নাসিহ হোসান, উপ সহকারী প্রকৌশলী (সিভিল)।

০২। সভাপতি উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রানুযায়ী প্রতি ডিন মাসে ১টি করে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হওয়া প্রয়োজন। সর্বশেষ মার্চ/২০১৯ মাসে এ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উপ পরিচালক (প্রশাসন ও অর্থ) অবহিত করেন যে, গত সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজগুলো পরিচালিত হয়েছে। বাপার্ড-এ আগত বিভিন্ন ক্যাটাগরির হাই অফিসিয়ালদের আবাসন সুবিধা, প্রশিক্ষণার্থী ও আবাসিক এলাকায় কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সচেতনতা এবং অডিট আপত্তি সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক বলেন যে, সকলকে উক্ত বিষয়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্ব দিতে হবে। বাপার্ড ক্যাম্পাসে আগত প্রশিক্ষণার্থী এবং আবাসিক এলাকায় কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সেবায় যেন কোন অসুবিধা না হয় সে বিষয়ে সভায় আলোচনা হয়।

০৩। সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়-

- ক) বাপার্ড-এ আগত বিভিন্ন ক্যাটাগরির হাই অফিসিয়ালদের আবাসন সুবিধা প্রাপ্তিতে সর্বসময় সুদৃষ্টি রাখতে হবে।
- খ) বাপার্ড ক্যাম্পাসে প্রশিক্ষণার্থী এবং আবাসিক এলাকায় অবস্থানরত কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে সার্বক্ষণিকভাবে বাপার্ডের কর্মরত ডাক্তারের পরামর্শ গ্রহণ করতে হবে।
- গ) অডিট আপত্তিগুলো নিষ্পত্তির জন্য পটস বিভাগ ও স্থানীয় রাজস্ব অডিট বিভাগে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য-বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ আলমগীর হোসেন)  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

তারিখঃ ১২/০৬/২০১৯খ্রি:।

স্মারক নং- ৪৭.৬৯.৩৫৫১.৩০০.৩২.০০৭.১৮.৯৫৪

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০১। পরিচালক (সকল), বাপার্ড।
- ০২। মুখ্য পরিচালক (মৎস্য), বাপার্ড।
- ০৩। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/কৃষি), বাপার্ড।
- ০৪। মহা-পরিচালক মহোদয়ের পিএ, বাপার্ড।
- প্রকল্প অফিসঃ
- ০১। প্রকল্প পরিচালক, বাপার্ড ইআরএম প্রকল্প, বাপার্ড।

(মোঃ আব্দুল গণি মিনা)  
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)